# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**21-05-2026** **Time: 1.40 PM**

**বিশেষ বিশেষ খবরঃ–**

১) দক্ষিণ চব্বিশ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে, আজ পুনর্নির্বাচনে **বেলা ১টা পর্যন্ত ৬০ দশমিক ৪/৩ শতাংশ ভোট পড়েছে।** ১৫ বছর পর শান্তিতে ভোট দিতে পেরে আনন্দিত এলাকাবাসী।

কেন্দ্রীয় সরকার বিধানসভা ভোট পরবর্তী পরিস্থিতিতে রাজ্যে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের মেয়াদ বিশে জুন পর্যন্ত বাড়িয়েছে।

২) মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন, ডিলিমিটেশন সহ অন্যান্য গণতান্ত্রিক প্রক্রিয়া সুষ্ঠুভাবে চললে ডিসেম্বরের মধ্যে হাওড়াও বালি পুরসভায় নির্বাচন সম্ভব হবে।

৩) রাজ্য সরকার কর্মীদের বকেয়া ডি এ দেওয়ার বিষয়ে তৎপরতা শুরু করেছে।

৪) ভারতীয় নৌসেনার জন্য 'গার্ডেনরিচ শিপ বিল্ডার্স এন্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড' বা GRSE-র তৈরী প্রথম নেক্সট জেনারেশন অফশোর পেট্রোল ভেসেল সংঘমিত্রা-কে পরীক্ষামূলকভাবে জলে নামানো হয়েছে।

৫) দক্ষিণবঙ্গে ঘর্মাক্ত অস্বস্তির আবহাওয়া আগামী কয়েকদিন বজায় থাকবে।

৬) আই এস এল ফুটবল আজ শেষ হচ্ছে।

oooooooooooooooooooooooo

দক্ষিণ চব্বিশ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে, আজ পুনর্নির্বাচনে বেলা ১টা পর্যন্ত ৬০ দশমিক ৪/৩ শতাংশ ভোট পড়েছে। এখনো পর্যন্ত কোথাও কোনো গন্ডগোলের খবর নেই।

আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন-

( ভিসি- গৌতম ১-৪০ )

২৮৫ টি বুথে ভোট গ্রহণ চলবে সন্ধ্যে ছ'টা পর্যন্ত। গণনা, ২৪ শে মে।
ওই কেন্দ্রে দু'লক্ষ ৩৬ হাজার ৪৪৪ জন ভোটদাতা রয়েছেন। সুষ্ঠু ও অবাধ নির্বাচনের লক্ষ্যে, ৩৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি, মোতায়েন রয়েছে ৩৫টি কুইক রেসপন্স টিম।

oooooooooooooooooooooooo

কেন্দ্রীয় সরকার বিধানসভা ভোট পরবর্তী পরিস্থিতিতে রাজ্যে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের মেয়াদ আরও বাড়িয়েছে। রাজ্যের অনুরোধে আরও এক মাস, অর্থাৎ আগামী ২০ জুন পর্যন্ত রাজ্যে মোতায়েন থাকবে ৫০০ কোম্পানি কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী (CAPF) মোতায়েন রাখা হবে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে রাজ্যকে জানানো হয়েছে। নির্দেশিকায় বলা হয়েছে, ভোট-পরবর্তী আইনশৃঙ্খলা পরিস্থিতি মোকাবিলার জন্য পশ্চিমবঙ্গ সরকার ১৬ মে চিঠি দিয়ে কেন্দ্রীয় বাহিনীর মেয়াদ বাড়ানোর আর্জি জানিয়েছিল। সেই আবেদনের ভিত্তিতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নির্দেশিকায় স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে, রাজ্যে ২০০ কোম্পানি সিআরপিএফ, ১৫০ কোম্পানি বিএসএফ, ৫০ কোম্পানি সিআইএসএফ, ৫০ কোম্পানি আইটিবিপি এবং ৫০ কোম্পানি এসএসবি মোতায়েন থাকবে।

oooooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আজ সকালে বেলুড় মঠে যান। রাজ্যের মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর এই প্রথম সেখানে গেলেন তিনি। মন্দিরে প্রণাম সেরে মঠের সন্ন্যাসীদের সঙ্গে মুখ্যমন্ত্রী কথা বলেন। মঠের প্রেসিডেন্ট মহারাজ স্বামী গৌতমতমানন্দজীকে প্রণাম করে শুভেচ্ছা বিনিময় করেন। মূল মন্দির সহ স্বামী বিবেকানন্দ ও মায়ের মন্দিরে শ্রদ্ধা নিবেদন করে মঠ পরিদর্শন করেন তিনি।

সেখান থেকে হাওড়ার প্রশাসনিক ভবনে জেলার আইন শৃঙ্খলা খতিয়ে দেখতে, এক বৈঠকে যোগ দেন মুখ্যমন্ত্রী। প্রশাসনিক ভবনে ঢোকার আগে হাওড়া সিটি পুলিশের পক্ষ থেকে তাঁকে ‘গার্ড অফ অনার’ দেওয়া হয়।

পরে এক সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, শহরে পরিশ্রুত পানীয় জল, নিকাশী ব্যবস্থা, শহরের পরিচ্ছন্নতা এবং অন্য নাগরিক পরিষেবা সুনিশ্চিত করা সরকারের অগ্রাধিকার। সব ঠিক থাকলে ডিসেম্বরের মধ্যে হাওড়া ও বালি পুরসভায় নির্বাচন সম্ভব হবে বলে মুখ্যমন্ত্রী জানান।

(বাইট – মুখ্যমন্ত্রী)

এরপর মুখ্যমন্ত্রী, আরো একটি প্রশাসনিক বৈঠকে যোগ দিতে, পশ্চিম বর্ধমানের উদ্দেশে রওনা হবেন। এরপর তাঁর আজ’ই দিল্লি যাওয়ার কথা।

oooooooooooooooooooooooo

রাজ্য সরকারি কর্মচারীদের বকেয়া ডিএ প্রদানের ব্যাপারে তৎপরতা শুরু করেছে রাজ্য সরকার। DA দাবিতে মামলাকারী সব সংগঠনকে নিয়ে আগামী ৩০ শে মে বৈঠকে বসবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। আজ এ কথা জানিয়েছেন সরকারি কর্মচারীদের সংগ্রামী যৌথ মঞ্চের আহ্বায়ক ভাস্কর ঘোষ।

উল্লেখ্য, গত সোমবার মন্ত্রিসভার দ্বিতীয় বৈঠকে সপ্তম পে কমিশন গঠনের সিদ্ধান্ত অনুমোদন করেছে রাজ্য সরকার।

ooooooooooooooooooooooo

রাজ্য সরকারি কর্মীদের সংবাদমাধ্যমের কাছে বক্তব্য রাখা ও তথ্য বা নথি প্রকাশের ক্ষেত্রে কড়া নির্দেশিকা জারি করেছে নবান্ন। মুখ্যসচিব মনোজ কুমার আগরওয়ালের জারি করা ওই নির্দেশিকায় বলা হয়েছে, 'অল ইন্ডিয়া সার্ভিস', 'রাজ্য সিভিল সার্ভিস', 'পুলিশ সার্ভিস'-সহ অন্য সরকারি কর্মীরা, সরকারের অনুমতি ছাড়া কোনও মিডিয়া অনুষ্ঠানে অংশ নিতে পারবেন না। সংবাদমাধ্যমে কোনও সরকারি নথি, তথ্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রকাশেও নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

এছাড়াও সংবাদপত্র বা সাময়িকীতে লেখা, টিভি বা রেডিয়ো আলোচনায় অংশগ্রহণ, সরকার বা সরকারি নীতি বিষয়ে সমালোচনামূলক মন্তব্যের ক্ষেত্রেও বিধিনিষেধ আরোপ করা হয়েছে। কেন্দ্র, অন্য রাজ্য বা অন্য রাষ্ট্রের সঙ্গে সম্পর্কের অবনতি ঘটতে পারে, এমন কোনও মন্তব্য করা থেকে বিরত থাকতে হবে।

এই নির্দেশিকা ইতমধ্যেই সব দফতর, জেলা ও পুলিশ প্রশাসনের কাছে পাঠানো হয়েছে।

ooooooooooooooooooooooo

রাজ্যের সব মাদ্রাসায় এবার ক্লাস শুরুর আগে প্রার্থনা সংগীত হিসেবে 'বন্দে মাতরম' বাধ্যতামূলক করেছে রাজ্য সরকার। মাদ্রাসা শিক্ষা দপ্তরের তরফে নির্দেশিকা জারি করে একথা জানানো হয়েছে। সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের অধীনস্থ মাদ্রাসাগুলিতে আগের নির্দেশিকা ও রীতির বদলে এখন থেকে প্রার্থনার সময়, বন্দেমাতরম গাইতে হবে ছাত্রছাত্রীদের।

ooooooooooooooooooooooo

স্বরাষ্ট্রমন্ত্রীকে হুমকি এবং উস্কানিমূলক মন্তব্যের বিধাননগর সাইবার থানায় দায়ের হওয়া মামলায় কলকাতা হাই কোর্টে আপাতত স্বস্তি পেলেন অভিষেক ব্যানার্জি।

আদালত জানিয়েছে, আগামী ৩১ জুলাই অথবা মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তাঁর বিরুদ্ধে রক্ষাকবচ বহাল থাকবে। পাশাপাশি আদালতের অনুমতি ছাড়া আবেদনকারী কোথাও যেতে পারবেন না বলেও নির্দেশ দেওয়া হয়েছে। তদন্তকারী অফিসারকে ৪৮ ঘণ্টা আগে নোটিশ দেওয়ার নির্দেশও দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর ৩৬-তম প্রয়াণ দিবসে আজ তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে। কলকাতায় প্রদেশ কংগ্রেস কার্যালয়ে বিধানভবনে এই উপলক্ষে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ১৯৯১ সালের ২১-শে মে তামিলনাড়ুর শ্রীপেরামবুদুরে আত্মঘাতী বোমা হামলায় নিহত হন রাজীব গান্ধী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গে আজ শুনবেন "বাংলা সিনেমা: সাদাকালো আবেগ থেকে ডিজিটাল বাস্তবতার পথে" এই বিষয়ে একটি আলোচনা। চিত্রপরিচালক অশোক বিশ্বনাথনের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী। অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত ৮ টায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা ও সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতীয় নৌসেনার জন্য 'গার্ডেনরিচ শিপ বিল্ডার্স এন্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড' বা GRSE-র তৈরী প্রথম নেক্সট জেনারেশন অফশোর পেট্রোল ভেসেল সংঘমিত্রা-কে পরীক্ষামূলকভাবে জলে নামানো হয়েছে। GRSE সূত্রে জানা গিয়েছে, ভারতীয় নৌসেনার জন্য মোট চারটি এনজিওপিভি তৈরি করা হচ্ছে। প্রায় ১১৩ মিটার দীর্ঘ এই যুদ্ধজাহাজগুলির ওজন হবে প্রায় ৩ হাজার টন। উপকূলীয় নজরদারি, জলদস্যু দমন, উদ্ধার অভিযান, বিশেষ সামরিক অভিযান এবং মানবিক সহায়তার মতো একাধিক কাজে ব্যবহার করা হবে এই জাহাজ। অনুষ্ঠানে নৌসেনার উপ-প্রধান ভাইস চিফ অ্যাডমিরাল সঞ্জয় বাৎসায়ন বলেন, ভারতীয়

নৌসেনার আধুনিকীকরণে জিআরএসই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গত অর্থবর্ষে সংস্থাটি আটটি জাহাজ সরবরাহ করেছে বলেও তিনি উল্লেখ করেন। GRSE -র চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর কমোডর পি আর হরি জানান, চলতি অর্থবর্ষেও একাধিক যুদ্ধজাহাজ নির্মাণ ও সরবরাহের কাজ এগোচ্ছে।

উপকূলীয় এলাকায় নজরদারি চালাতে বিশেষ সহায়ক হবে এই জাহাজ। জলসম্পদ রক্ষা, বিপর্যয়ে উদ্ধার কাজ চালাতে, জলদস্যু এবং অনুপ্রবেশ বিরোধী অভিযান, চোরাশিকারি ও পাচারকারীদের রুখতেও চতুর্থ প্রজন্মের এই জাহাজ কাজ করবে। প্রচলিত নজরদারি যুদ্ধজাহাজগুলোর তুলনায় এটি অনেক বেশি উন্নত এবং এতে অত্যাধুনিক ফায়ার পাওয়ার বা যুদ্ধাস্ত্র ব্যবস্থা রয়েছে। ঘন্টায় সর্বোচ্চ ৪২ কিলোমিটারের বেশি গতিবেগে ছুটতে সক্ষম এটি।

oooooooooooooooooooooooo

কোনো প্রসাধনী পণ্য এখন থেকে ইঞ্জেকশনের মাধ্যমে কোনো সৌন্দর্য ক্লিনিক, বিশেষজ্ঞ এবং গ্রাহকরা ব্যবহার করতে পারবেন না বলে জানানো হয়েছে। সেন্ট্রাল ড্রাগ স্ট্যান্ডার্ডস কন্ট্রোল অর্গানাইজেশন জানিয়েছে, এসব প্রসাধনী সামগ্রী কেবলমাত্র শরীরের বাইরে ব্যবহারের জন্য। নির্দেশিকায় আরো বলা হয়েছে , প্রসাধনীর সামগ্রিক প্রস্তুতি ও আমদানি, বিক্রয় ও বন্টন যেন ২০২০-এর কসমেটিকস বিধির সংস্থান অনুযায়ী হয়ে থাকে।

oooooooooooooooooooooooo

দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় গতকাল দুপুরের পর বৃষ্টি হলেও ঘর্মাক্ত ও অস্বস্তিকর আবহাওয়া বজায় রয়েছে। বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি হওয়ার কারণে আগামী কয়েকদিন দক্ষিণবঙ্গে বিশেষ করে পশ্চিমের জেলাগুলিতে উষ্ণ আর্দ্র আবহাওয়া থাকবে

বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। গত ২৪ ঘন্টায় সর্বাধিক সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে পুরুলিয়ায় ৪০ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস ।

এদিকে, আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে সামান্য বেশি।

অন্যদিকে, উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার জেলায় আজ ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। গত ২৪ ঘন্টায় সব থেকে বেশি বৃষ্টি রেকর্ড করা হয়েছে দক্ষিণ দিনাজপুরের মাজিয়ানে, ১১০ মিলিমিটারেরও বেশি।

oooooooooooooooooooooooo

এদিকে আলিপুর চিড়িয়াখানায় থেকে প্রাণীদের জন্য এই গরমে বিশেষ ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে কর্তৃপক্ষ জানিয়েছে। চারপাশের পরিবেশ ঠান্ডা রাখতে পশুদের খাঁচায় জলের স্প্রিংকলার ব্যবহার করা হচ্ছে। খাঁচার ভেতরে সরাসরি সূর্যের আলো আটকাতে বেতের ছাউনি এবং ধানের খড়ের ছাউনি, এগ্রো নেট ইত্যাদি ব্যবহার করা হচ্ছে। কিছু পশুশালায় ফ্যান এবং এয়ার কুলারের ব্যবস্থা করা হয়েছে এবং ভাল্লুক এবং মাংসাশী প্রাণীদের জন্য বরফের চাঁই সরবরাহ করা শুরু হয়েছে। পানীয় জলের সঙ্গে ORS এবং গ্লুকন-ডি এবং শরীরকে সতেজ ও কর্মশক্তিপূর্ণ রাখতে তাদের খাদ্যতালিকায় রসালো ফল যোগ করা হচ্ছে বলে আলিপুর চিড়িয়াখানার তরফে জানানো হয়েছে।

oooooooooooooooooooooooo

ISL ফুটবল আজ শেষ হচ্ছে। চ্যাম্পিয়ন হওয়ার দৌড়ে রয়েছে ইস্টবেঙ্গল ও মোহনবাগান সুপারজায়ান্ট। দুই দলই ১২ ম্যাচে ২৩ পয়েন্ট করে সংগ্রহ করেছে। গোল পার্থক্যে এগিয়ে থাকায় ইস্টবেঙ্গল লিগ তালিকার শীর্ষে, মোহনবাগান দ্বিতীয় স্থানে রয়েছে।

যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে ইস্টবেঙ্গল আজ তাদের শেষ ম্যাচে ইন্টার কাশির বিরুদ্ধে খেলবে। অন্যদিকে, সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান সুপার জায়ান্ট খেলবে, স্পোর্টিং ক্লাব দিল্লির বিরুদ্ধে। দুটি খেলাই শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

ooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo